

হাওয়া গাড়ি

কুমারদিত্য সরকার

এবছর বর্ষা ভালাসো ।
জমা জল নিক্রিতে মাপো ।
কবিদের ঘরে খুব জল ।
চটপট হাওয়াগাড়ি চাপো ।

চারিদিকে হাওয়া-কারখানা ।
হাওয়ার-কলের হাওয়াগাড়ি ।
জল পড়ে, পাতা নড়ে, আর
ভেসে যায় কবিদের বাড়ি ।

কবিদের উঠোনো সাগর
ঢেউজলে রোদবোধ কাঁপে
কবিদের কপালে ও পেটে
দারুণ আগুন, তাই
সকলে হাওয়াগাড়ি চাপে ।

নতুন বছর

মৌমিতা সামন্ত

তোকে এনে দেবো এক মুঠো সবুজ পাতা
অরণ্যের কবেকার অন্ধকার থেকে
যেখানে মাটি এখনো স্পর্শ করেনি
কোন নান্দ্রিক আলো ।

সেই হাজারো অন্ধকারের ভীড়ে
তবুও হৃদয়ে আহ্লাদ জাগে,
গভীর আরো গভীরে ডোবে—
অন্ধকারে হারিয়ে যায় মুখ ।

বাতাসে নেই ফাগু-ফাগুয়ার গান
তবু কোন দৈব রসায়নে
সব প্রাণ প্রাণ পায়, হৃদয়ের উত্তাপ
নতুন বছরে, তোরই মতন করে ।